



নং- ৫৭.০০.০০০০.০৮৫.২১.১৮১.১৮-২১৮

তারিখ: ০৪ অগ্রহায়ণ ১৪২৭ বঙ্গাব্দ
১৯ নভেম্বর ২০২০ খ্রিস্টাব্দ


বিষয়: বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ডের অফিস সহকারী কাম কম্পিউটার মুদ্রাক্ষরিকের শূন্য পদের নিয়োগ কার্যক্রম স্থগিত রাখার নিমিত্ত প্রেরিত অনুরোধপত্রের উপর কার্যক্রম গ্রহণের জন্য চাহিত তথ্য প্রেরণ প্রসঙ্গে।

- সূত্র: ১. বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ডের স্মারক নং-৩৭.১৬.০০০০.০০৯.২৮.০০২.২০-৩৯৮, তারিখ: ০৮.১০.২০২০খ্রি।
২. কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগের স্মারক নং-৫৭.০০.০০০০.০৮৫.২১.১৮১.১৮.৮৬, তারিখ: ১৯.১০.২০২০খ্রি।
৩. বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ডের স্মারক নং-৩৭.১৬.০০০০.০০৯.২৮.০০২.২০-৪৩১, তারিখ: ২৮.১০.২০২০খ্রি।

উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত পত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড হতে সূত্রস্থ-৩ নং পত্রে প্রাপ্ত তথ্য এ বিষয়ে সিদ্ধান্ত গ্রহণের জন্য পর্যাপ্ত নয় বিবেচিত হওয়ায় নিম্নবর্ণিত তথ্যাদি প্রয়োজনঃ

- (ক) মহামান্য সুপ্রীম কোর্টের আপিল বিভাগে আপিল মামলা বর্তমানে কি অবস্থায় আছে; পরবর্তী তারিখ কবে এবং কিসের জন্য ধার্য আছে।
(খ) আপিল মামলায় চূড়ান্ত কোন আদেশ রয়েছে কিনা; হয়ে থাকলে তা কি (সর্বশেষ আদেশের কপি সহ);
(গ) রীট মামলার বর্তমান অবস্থা কি?
(ঘ) বিএমইবি'র সদর দপ্তর এবং আঞ্চলিক কার্যালয়ের কর্মকর্তা, কর্মচারীদের জন্য অভিন্ন এবং সমন্বিত গ্রেডেশন লিষ্ট করা বিদ্যমান নিয়োগ বিধিমালার পরিপন্থি কিনা তা প্রমাণকসহ তথ্য প্রয়োজন।

০২. এমতাবস্থায় উপরিউক্ত মতে প্রসানকসহ প্রয়োজনীয় তথ্যাদি আগামী ২৫.১১.২০২০ তারিখের মধ্যে টিএমইডিতে প্রেরণ নিশ্চিত করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।


(সৈয়দ আসগর আলী)
সহকারী সচিব (মাদ্রাসা-২) ২২/১১/২০২০
৯৫৪৫৭২০

চেয়ারম্যান
বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড
বকশিবাজার, ঢাকা।

অনুলিপি:

- ১। সচিব মহোদয়ের একান্ত সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
২। সিস্টেম এনালিস্ট, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা (ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।
৩। অতিরিক্ত সচিব (মাদ্রাসা) এর ব্যক্তিগত কর্মকর্তা, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
৪। অফিস কপি।